



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
ফোন- ০২৯৯৬৬৪১৬৩৪, মোবাইল-০১৭০১-৪৫০৮২০
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com



তারিখ: ২৫.০৯.২০২১ খ্রি.

বিজ্ঞপ্তি

মুরারিচাঁদ কলেজ, সিলেট-এর ছাত্রীনিবাসের আবাসিক শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ ও ডেঙ্গু পরিস্থিতি বিবেচনায় স্বাস্থ্যবিধি মেনে আবাসিক হোস্টেল আগামী ০১/১০/২০২১ তারিখ থেকে খোলা হবে। ছাত্রীনিবাসে ওঠার সময় ২০২০ সালের বকেয়া ফি (যদি থাকে) পরিশোধ করতে হবে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক নিম্নোক্ত নির্দেশনা পালন করার জন্য শিক্ষার্থীদের নির্দেশ প্রদান করা হলো।

- আবাসিক শিক্ষার্থীরা হোস্টেলে ওঠার পূর্বে কোভিড আরটি.পিসিআর পরীক্ষা করে ফলাফল নেভেটিভ হলে হোস্টেলে আসা;
- সকল সমাবেশ স্থানসমূহ (ক্যাফেটেরিয়া, ডাইনিং, টিভি/স্পোর্টস রুম ইত্যাদি) পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত বন্ধ থাকবে। রান্নাঘর থেকে সরাসরি খাবার সরবরাহকরণ;
- একাধিক শিক্ষার্থী একই বিছানা ব্যবহার করা থেকে বিরত থাকা;
- একসাথে নামাজ, প্রার্থনা, সমাবেশ ইত্যাদি ক্ষেত্রে নির্দিষ্ট নির্দেশনা মেনে চলা;
- হোস্টেলে ব্যক্তিগত স্বাস্থ্যবিধি অবশ্যই মেনে চলা;
- সবাই ব্যক্তিগত সাবান, তোয়ালে ইত্যাদি ব্যবহার করা এবং ব্যক্তিগত লকার ও অন্যান্য জিনিসপত্র পরিষ্কার ও জীবাণুমুক্ত রাখা;
- দিনে ও রাতে ঘুমানোর সময় অবশ্যই মশারি ব্যবহার করা;
- ডেঙ্গু সংক্রমণ ও এডিস মশা বিস্তাররোধে স্বাস্থ্য অধিদপ্তরের গাইড লাইন অনুসরণ করা;
- একজনের ব্যক্তিগত ব্যবহার সামগ্রী/শিখন সামগ্রী ইত্যাদি অন্যজন ব্যবহার না করা;
- আবাসিক শিক্ষার্থী ব্যতিত অন্য কেউ হোস্টেলে অবস্থান বা যাতায়াত না করা।

২৫/০৯/২০২১
অধ্যক্ষ মো. সাইদে আহমদ
মুরারিচাঁদ কলেজ, সিলেট
আইডি: ০০৪০২৫
অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট।